

ইউজিসি চেয়ারম্যান

উচ্চশিক্ষায় দেশ পিছিয়ে যাচ্ছে

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ২৮ আগস্ট, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ১ মিনিটে

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক কাজী শহীদুল্লাহ বলেছেন, ‘উচ্চশিক্ষায় অন্যান্য দেশ আমাদের থেকে এগিয়ে যাচ্ছে আর আমরা পিছিয়ে পড়ছি। অন্যান্য দেশের সঙ্গে সমান্তরালে এগিয়ে যাওয়ার লক্ষ্যে শিক্ষা ক্ষেত্রে সমন্বয়পযোগী বিষয় ও বিভাগ খোলার উদ্যোগ নেওয়া হবে।’

গতকাল মঙ্গলবার সকালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) কনজারভেশন অন নেচার টুওয়ার্ড অ্যাচিভিং এসডিজিস শীর্ষক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ মন্তব্য করেন।

ইউজিসি চেয়ারম্যান বলেন, শিক্ষকরা যদি তাঁদের দায়িত্ব যথাযথভাবে পালন করেন, তবে শিক্ষার্থীরা স্বাভাবিকভাবে ভালো করবে। শিক্ষার মূল শক্তি হলেন শিক্ষক। শিক্ষার্থীদের জন্য শিক্ষকদের আরো নিবেদিত হতে হবে। এখন বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলো বিশ্ব রেটিংয়ে থাকে না। অনেক সুযোগ-সুবিধা থাকা সত্ত্বেও বিশ্ব রেটিংয়ে না থাকা স্বস্তিদায়ক নয়। এ অবস্থার উত্তরণ জরুরি।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক গিয়াস উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য দেন জাবি উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলাম ও শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহমেদ।

অ- অ অ+